গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

# দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

Dinajpur Govt. College, Dinajpur

www.dgc.edu.bd

E-Mail: principal@dgc.edu.bd

বিজ্ঞপ্তি নং-দিসক/দিনাজ/মাস্টার্স (প্রাইভেট) রেজি./২০২০/২০২২/৪৯ তারিখঃ ০২ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ
১৫ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ

## ২০২০ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইটঃ (www.nu.ac.bd/admissions)

| | |
|---|---|
| অনলাইলে আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করার তারিখঃ | ১৫/০২/২০২২ হতে ২৭/০২/২০২২ পর্যন্ত |
| রেজিস্ট্রেশন আবেদনকারী প্রার্থীদের আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা, রেজিস্ট্রেশন ফি বাবদ ৮০০/- (আটশত) টাকা ও কলেজ কর্তৃক নির্ধারিত অন্যান্য ফি ৫৮৫/- (পাঁচশত পঁচাশি) টাকাসহ মোট ১৬৮৫/- (এক হাজার ছয়শত পঁচাশি টাকা ডাচ্ বাংলা ব্যাংকের নেক্সাস পে গেট ওয়ের মাধ্যমে (মোবাইল ব্যাংকিং রকেটসহ) পরিশোধ করতে হবে। কলেজের ওয়েবসাইট www.dgc.edu.bd এ প্রবেশ করে Online Admission Option গিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত রোল নম্বর দিতে হবে অতঃপর ইংরেজিতে বড় হাতের অক্ষরে নিজের নাম, পিতার নাম, মাতার নাম ও জাতীয় বিশ্ববিদ্যালয়ে ফরমপূরণ করার সময় যে ছবি আপলোড করা হয়েছে সে ছবি ও মোবাইল নম্বর দিয়ে প্রবেশ করতে হবে। Payment Option এ গিয়ে রকেট নাম্বার বা নেক্সাস পে কার্ড নাম্বার দিয়ে ফি পরিশোধ করতে হবে। রকেট নাম্বার বা নেক্সাস পে কার্ড নাম্বার দেওয়ার পর উক্ত মোবাইল নাম্বারে (রকেট/নেক্সাস পে) OTP যাবে সে নাম্বারটি দিয়ে ফি পরিশোধ সম্পন্ন হবে। | ১৬/০২/২০২২ হতে ২৮/০২/২০২২ পর্যন্ত |
| সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক অনলাইনে আবেদন ফরম নিশ্চয়ন করার তারিখ | ১৬/০২/২০২২ হতে ০১/০৩/২০২২ পর্যন্ত |

১। অত্র কলেজে নিম্নোক্ত বিষয়সমূহে মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন করা হবে এবং এতদসংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাবলী উক্ত বিভাগসমূহ থেকে জানা যাবে।

| | | | | |
|---|---|---|---|---|
| ১. বাংলা | ৩. অর্থনীতি | ৫. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ৭. রাষ্ট্রবিজ্ঞান | ৯. হিসাববিজ্ঞান |
| ২. ইংরেজি | ৪. ইতিহাস | ৬. দর্শন | ৮. ব্যবস্থাপনা | ১০. সমাজবিজ্ঞান |

**২। রেজিস্ট্রেশনের যোগ্যতাঃ**

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয় হতে ২০১৫ থেকে তৎপরবর্তী সালসমূহে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা ২০২০ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

(খ) জাতীয় বিশ্ববিদ্যালয় ২০১৫ সাল ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট)/ ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২০ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

(গ) আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।

(ঘ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

**৩। অনলাইনে আবেদনের নিয়মাবলীঃ**

(ক) প্রার্থীকে ১৫/০২/২০২২ তারিখ বিকাল ৪টা থেকে ২৭/০২/২০২২ তারিখ রাত ১২টার মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট website (www.nu.ac.bd/admissions) এর Masters Tab এর Apply Now (Master's Private) অপশনের মাধ্যমে আবেদন ফরম পূরণ করতে হবে। এই অপশনে শিক্ষার্থী তার উত্তীর্ণ স্নাতক (সম্মান), স্নাতক (পাস) ও মাস্টার্স (নিয়মিত) ১ম পর্ব পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পাসের সন এন্ট্রি দিতে হবে।

(খ) অত্র কলেজে **প্রতিটি বিষয়ে সর্বোচ্চ ১০০০ (এক হাজার)** জন শিক্ষার্থীর আবেদন অনলাইন থেকে ডাউনলোড করতে পারবে।

(গ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২০ সালের মার্স্টর্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/ যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো" -মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গিকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

(ঘ) আবেদনপত্র দাখিলের সময় প্রার্থীর পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ 120×150 Pixels, Image Type: jpg এবং Maximum file size: 50KB। আবেদন দাখিলের পর প্রার্থীগণ একটি PIN নম্বর পাবেন এবং আবেদনপত্র প্রিন্ট করতে পারবেন। অনলাইন আবেদনে কোন প্রকার ভুল তথ্য উপস্থাপন করলে আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(ঙ) আবেদনকারীকে প্রিন্ট করা আবেদন ফরমটির (A4 সাইজ) নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে এবং সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। আবেদন ফরমটির ২য় অংশ সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/বিভাগীয় প্রধান/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ প্রার্থীকে ফেরত দিতে হবে।

৪। **রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র:**

(ক) এসএসসি/সমমান, এইচএসসি/সমমান, ডিগ্রি/সমমান পরীক্ষা পাসের মূল সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;

(খ) স্নাতক (সম্মান)/মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষা পাসের মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত ফটোকপি;

(গ) সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদ;

(ঘ) স্নাতক (সম্মান)/মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি;

(ঙ) প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে **"শিক্ষা ছুটি দেয়া হবে" মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র;**

(চ) অনলাইনে পূরণকৃত আবেদন ফরমসহ উপরিউক্ত কাগজপত্রের ০২ (দুই) সেট ফটোকপি জমা দিতে হবে;

(ছ) মূল আবেদন ফরমের উপরে প্রার্থীর মোবাইল নম্বর অবশ্যই লিখতে হবে;

(জ) **আবেদন ফরম সংশ্লিষ্ট বিভাগে জমা দেয়ার সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।**

৫। **২০২০ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন সংক্রান্ত ফি নিম্নে প্রদত্ত হলো-**

| | | | |
|---|---|---|---|
| রেজিস্ট্রেশন ফি | : | ৮০০.০০ | মন্তব্য |
| আবেদন ফরম ফি | : | ৩০০.০০ | ১৬৮৫/- টাকা জমা দিতে হবে |
| ব্যবস্থাপনা ফি | : | ৫০.০০ | |
| যাতায়াত ও পরিবহণ | : | ৬০.০০ | |
| নিরাপত্তা/নৈশ প্রহরী/অত্যাবশ্যকীয় কর্মচারি ফি | : | ৩৫৫.০০ | |
| আইসিটি | : | ২০.০০ | |
| বিবিধ | : | ১০০.০০ | |
| সর্বমোট | | ১৬৮৫.০০ | |

৬। আবেদনসহ কাগজপত্র জমাদান: ব্যাংকে টাকা জমাদানের কপিসহ প্রয়োজনীয় কাগজপত্র ০২ (দুই) সেট স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

৭। পত্রকোড এন্ট্রি: ২০২০ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীদের বিষয়ওয়ারী (২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের জন্য প্রযোজ্য সিলেবাস থেকে) স্ব স্ব বিভাগ কর্তৃক পত্রকোড এন্ট্রি দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে পত্রকোড এন্ট্রি না দেয়া হলে অথবা ভুল পত্রকোড এন্ট্রি দেয়া হলে সংশ্লিষ্ট প্রার্থীর রেজিস্ট্রেশন কার্ড বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যু করা হবে না।

**বি: দ্র: (ক) শিক্ষার্থীকে রেজিস্ট্রেশনের সমস্ত কার্যক্রম নিজ দায়িত্বে সম্পন্ন করতে হবে। রেজিস্ট্রেশন সংক্রান্ত কোন জটিলতা দেখা দিলে কলেজ কর্তৃপক্ষ কোন দায়-দায়িত্ব বহন করবে না।**

**(খ) সংশ্লিষ্ট বিভাগ ও শিক্ষার্থীদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিজ্ঞপ্তি অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।**

প্রতি স্বাক্ষর

১৫/০২/২০২২

অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ
দিনাজপুর

১৫/০২/২২

আহ্বায়ক
মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) ভর্তি ও পরীক্ষা কমিটি ২০১৯-২০২০
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

অনুলিপি-

১। উপাধ্যক্ষ, অত্র কলেজ।
২। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান, অত্র কলেজ।
৩। হিসাব শাখা ও ক্যাশ শাখা, অত্র কলেজ।
৪। অফিস নথি।